

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং : ১৫.০০.০০০০.০২৭.২৭.০০১.১৯-১১১

তারিখ : ০৯ বৈশাখ ১৪৩৩
২২ এপ্রিল ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের ০৩ মার্চ ২০২৬ তারিখের ৯৮ নম্বর স্মারকের মাধ্যমে 'গরিবের লড়াই' চলচ্চিত্রটি জনগণের মধ্যে প্রদর্শন উপযোগী নয় এবং সার্টিফিকেশন সনদ পাওয়ার অযোগ্য মর্মে সংশ্লিষ্ট ছবির প্রযোজক জনাব সুমন চৌধুরী, প্রযোজক, চৌধুরী ফিল্ম মাল্টিমিডিয়া, ১৬৯/১ শান্তিনগর, কনকর্ড গ্রান্ড (৫ম তলা), সুইট নং-৪০১, ঢাকা-কে পত্র দিয়ে জানিয়ে দেয়া হয়; যা তিনি ০৩ এপ্রিল ২০২৬ তারিখে গ্রহণ করেন। 'বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন, ২০২৩'-এর ১২ (১) উপ-ধারা মোতাবেক বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল দায়েরকারী ব্যক্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল আবেদন করার বিধান থাকলেও তিনি তা লংঘন করে নির্ধারিত সময়ের ৩৯ দিন পর আবেদন দাখিল করায় আবেদনটি বিবেচনা করার সুযোগ নেই।

- ০২। এমতাবস্থায়, 'বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন, ২০২৩'-এর ১২ (১) উপ-ধারা মোতাবেক আবেদনটি নাকচ করা হলো।
- ০৩। আপিল আবেদন নাকচের কারণে বর্ণিত চলচ্চিত্রটি সার্টিফিকেশনবিহীন চলচ্চিত্র হিসেবে বিবেচিত হওয়ায় সমগ্র বাংলাদেশে চলচ্চিত্রটির প্রদর্শনী নিষিদ্ধ করা হলো এবং চলচ্চিত্রটি কোথাও প্রদর্শিত হলে তা বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষর:

মুহাম্মদ সাঈদ আলী
উপসচিব

মোবাইল : ০১৮১৯৮১০৩০৩

ইমেইল : film1@moi.gov.bd

তারিখ : ০৯ বৈশাখ ১৪৩৩
২২ এপ্রিল ২০২৬

নং : ১৫.০০.০০০০.০২৭.২৭.০০১.১৯-১১১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা;
- ০২। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, ঢাকা;
- ০৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৪। উপপরিচালক, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ);
- ০৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ০৬। জনাব সুমন চৌধুরী, প্রযোজক, চৌধুরী ফিল্ম প্রোডাকশন, ১১০/এ, মগবাজার, কাজী অফিস লেন, রমনা, ঢাকা-১২১৭, মোবাইল: ০১৭৩২১৪৯০৩৬
- ০৭। অফিস কপি; এবং
- ০৮। মাস্টার কপি।

মুহাম্মদ সাঈদ আলী
উপসচিব